

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-১২২)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.১০৮.১৮-৮৯৮

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫
১১ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৫৬২/২০১৮ (কনটেম্পট পিটিশন নং-১২২/২০১৭) মামলার গত ১৯/০৭/২০১৬ থি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল ফাইল করলেও রিট মামলার রায় স্থগিতের বিষয়ে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় বিজ্ঞ AOR জনাব মাহমুদ বেগম এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

- সূত্রঃ
- (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৩১/আইন/২০১৮/৬৭৮/৪, তারিখ: ১৪/০৬/২০১৭ থি।
 - (২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৩১/আইন/২০১৮/৯৮৮/৫, তারিখ: ২১/০৮/২০১৭ থি।
 - (৩) কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৬.০৮.১০৮.১৮-২৫২, তারিখ: ১৫/০৭/২০১৮ থি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলাধীন শায়েস্তানগর ইসলাম মিশন (এমডি) দাখিল মান্দাসার ২০০৭ সালে দাখিল পরিকল্পনা ০৫ (পাঁচ) জনের কম পরীক্ষার্থী উত্তীর্ণ হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৭/২০০৮ তারিখের শিম/শা:১৩/ফবি/৫-৪/২০০৭/৮২০ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন ভাতাদির সরকারি অংশ বন্ধ করা হয়।

০২। পরবর্তীতে ২০০৯ সালের দাখিল পরীক্ষার ফলাফল সন্তোষজনক হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৭/২০০৯ তারিখের শা:১৩/ফবি/মাবো-৯/২০০৯/৫১৫ সংখ্যক স্মারকমূলে উক্ত মান্দাসার শিক্ষকদের বন্ধকৃত বেতন ভাতাদির সরকারি অংশ জুন/২০০৯ তারিখ হতে ছাড় করা হয়।

০৩। কিন্তু সেপ্টেম্বর/২০০৮ হতে মে/২০০৯ পর্যন্ত বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদান না করায় উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৫৬২/২০১৮ দায়ের করা হয়।

০৪। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বর্ণিত রিট মামলার ১৯/৭/২০১৬ তারিখের রায়/আদেশে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৭/২০০৮ তারিখের শিম/শা:১৩/ফবি/৫-৪/২০০৭/৮২০ সংখ্যক পত্রটি বেআইনী ও অবৈধ ঘোষণাপূর্বক রায় প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সেপ্টেম্বর/২০০৮ হতে মে/২০০৯ পর্যন্ত বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের জন্য বিবাদিগণের প্রতি নির্দেশনা দেয়া হয়। মূল রায়ের অংশবিশেষ নিম্নরূপ:

Accordingly, the Rule is made absolute. The impugned Memo No. Sha:13/Fabi/5-4/2007/820
Dated 23.07.2008 is declared without lawful authority and of no legal effect.

The respondents are directed to pay the government portion of salary and other financial benefits, if any, to the petitioner from September, 2008 to May, 2009 within 60 (sixty) days from receipt of this judgment.

০৫। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সনিস্টের উইং কর্তৃক বিজ্ঞ AOR জনাব মাহমুদ বেগম নিয়োগ দেয়া হয়। তদপ্রেক্ষিতে তিনি (বিজ্ঞ AOR জনাব মাহমুদবেগম) কর্তৃক আপীল বিভাগে আপীল নং ১৫৬৮/২০১৭ দায়ের করা হয়। কিন্তু একাধিকবার অনুরোধ (পত্র ও ব্যক্তিগত যোগাযোগ) করা সত্ত্বেও সরকারি স্বার্থ সংরক্ষণে দৃশ্যমান কোন পদক্ষেপ বিজ্ঞ AOR জনাব মাহমুদ বেগম কর্তৃক নেয়া হয়নি। ফলে সরকার বিপুল পরিমাণ আর্থিক দায়ে নিপত্তি।

০৬। উক্ত আপীল মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগের রায় স্থগিতের বিষয়ে বিজ্ঞ AOR জনাব মাহমুদ বেগম কর্তৃক কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় (রায় বাস্তবায়ন না হওয়ায়) পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-১২২/২০১৭ দায়ের করা হয়। ফলে সচিব, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ-কে অহেতুক বিরুতকর অবস্থায় পড়তে হচ্ছে।

০৭। এমতাবস্থায়, বিজ্ঞ AOR জনাব মাহমুদ বেগম সরকারি স্বার্থ সংরক্ষণে আপীল নং-১৫৬৮/২০১৭ এর বিষয়ে মূলত: কোনরূপ কার্যকর ভূমিকা রাখেননি এবং রাখছেন না সেহেতু নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে বিজ্ঞ AOR জনাব মাহমুদ বেগম এর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩১/১২/২০১৮ থি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

সচিব

আইন ও বিচার বিভাগ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


চলমান পৃষ্ঠা/২

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.১০৮.১৮-৮৯৮/১(৮)

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫
১১ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় জাতার্থেও

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি/মাস্টার কপি।


(মো: জাহাঙ্গীর হোসেন বেগমী)
সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন- ৯৫৭৫২৭২